

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
মেট্রোরেল ভবন  
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ  
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০  
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

### MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 এর নির্মাণ কাজ গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হচ্ছে।

#### প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) মোট ১২টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-01 এর আওতায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ মৌজায় ৩৫.৯০ হেক্টর বা ৮৮.৭১ একর ভূমিতে MRT Line-1 এর ডিপোর ভূমি উন্নয়নের জন্য গত ০১ মার্চ ২০২৩ তারিখ থেকে ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি ৮৯%।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-02 এর আর্থিক প্রস্তাব গত ০২ ডিসেম্বর ২০২৪ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়নের প্রতিবেদন জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-03 এর দরপত্র গত ০১ জুলাই ২০২৪ তারিখ আহ্বান করা হয়েছে এবং দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২৫ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-04 এর দরপত্রসমূহ গত ২১ অক্টোবর ২০২৪ তারিখ উন্মুক্ত করা হয়েছে এবং দরপত্রের কারিগরি মূল্যায়ন শেষে প্রতিবেদন গত ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখে জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-05 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। বর্তমানে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-06 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ০৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখ উন্মুক্ত করা হয়েছে। গত ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়নের প্রতিবেদন জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-07 এর দরপত্র গত ০২ অক্টোবর ২০২৪ তারিখে আহ্বান করা হয়েছে এবং দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ২৭ ফেব্রুয়ারি ২০২৫ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-08 এর গত ০৪ নভেম্বর ২০২৪ তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে এবং আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-09 এর দরপত্রসমূহ ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখ উন্মুক্ত করা হয়েছে এবং বর্তমানে দরপত্রসমূহের কারিগরি মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-10 এর দরপত্রসমূহ ০৯ ডিসেম্বর ২০২৪ তারিখ উন্মুক্ত করা হয়েছে এবং বর্তমানে দরপত্রসমূহের কারিগরি মূল্যায়নের কাজ চলমান রয়েছে।

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-11 এর দরপত্র গত ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ২২ এপ্রিল ২০২৫ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-12 এর দরপত্র দলিলে জাইকা প্রদত্ত পর্যবেক্ষণ (observation) এর compliance ও সংশোধিত দরপত্র দলিল concurrence এর জন্য গত ১৪ অক্টোবর ২০২৪ তারিখ জাইকা বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে দরপত্র দলিলের Part 1-2, Part 3 এবং জাইকা প্রদত্ত পর্যবেক্ষণ (observation) এর compliance পুনরায় সংশোধন করে গত ২১ অক্টোবর ২০২৪ তারিখ জাইকা বরাবর প্রেরণ করা হয়েছে। গত ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ জাইকাকে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। জাইকা হতে concurrence প্রাপ্তি সাপেক্ষে CP-12 এর দরপত্র আহ্বান করা হবে।